# শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ

**প্রধান শাখা:** সাধারণ বীমা কর্পোরেশন ভবন, ৯৩, কাজীহাটা, গ্রেটার রোড, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬০৭১৫, ০২৫৮৮৮৬০৭১৩, ০২৫৮৮৮৬১২৪৮, ০২৫৮৮৫৭৩৬৮, ০২৫৮৮৮৫৪৭৩৭
Email: smnss.cnb@gmail.com

**উপশহর শাখা:** বাড়ী- ২৬২, সেক্টর-০২, উপশহর হাউজিং এস্টেট, সপুরা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৪৭৮৬০২২৬
Email: smnss.upo@gmail.com

**তালাইমারী শাখা:** বাড়ী-৫৩২, ওয়ার্ড- ২৫, তালাইমারী নর্দান মোড়, জাহাঙ্গীর সরণী, কাজলা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬৬৬১৬
Email: smnss.talaimari@gmail.com

Email: shimulmemorial@gmail.com
Facebook Page: Shimul Memorial North South School and College Rajshahi
School Code: 1976
Web Address: www.smnssc.edu.bd
EIIN No: 136830
Estd: 2003


**সূত্র: শিমেনসাস্কু: ২০২৬০৯০৭০** **তারিখ: ২০/০৯/২০২৬ খ্রি**

## নোটিশ

এতদ্বারা শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজের তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকমন্ডলীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের মধ্যে নৈতিক মূল্যবোধ, শৃঙ্খলা, দায়িত্ববোধ, মানবিকতা ও ইতিবাচক জীবনাচরণ গড়ে তোলার পাশাপাশি ইংরেজি ভাষায় দক্ষতা ও শব্দভাণ্ডার বৃদ্ধি করার লক্ষ্যে বিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ২২/০৯/২০২৬ খ্রি. মঙ্গলবার থেকে একটি দৈনন্দিন অনুশীলন কার্যক্রম চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

**শিক্ষার্থীদের করণীয়**
প্রতিদিন বাড়িতে-

**১. দশটি ভালো কাজ:**
নিজে করা অথবা পরিবারের সদস্য, প্রতিবেশী কিংবা অন্য কারও জন্য করা ১০টি ভালো কাজ খাতায় তারিখসহ লিখে আনতে হবে। যেমন- মা-বাবাকে কাজে সহযোগিতা করা, ছোট ভাই- বোনকে পড়ায় সাহায্য করা, নিজের বই-খাতা গুছিয়ে রাখা, গাছের যত্ন নেওয়া, অসহায় কাউকে সহযোগিতা করা, কারও সঙ্গে সুন্দর আচরণ করা ইত্যাদি।

**২. দশটি ইংরেজি শব্দ:**
প্রতিদিন ১০টি নতুন ইংরেজি শব্দ খাতায় লিখে আনতে হবে।

**৩. শিক্ষক কর্তৃক যাচাই:**
পরের দিন সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক/বিষয় শিক্ষক শিক্ষার্থীর খাতা দেখে কাজটি সম্পন্ন হয়েছে কি না যাচাই করবেন এবং যথাস্থানে স্বাক্ষর প্রদান করবেন।

এই কার্যক্রমের উদ্দেশ্য ও উপকারিতা
এই ছোট্ট দৈনন্দিন অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে-

- ভালো কাজ করার অভ্যাস ও নৈতিক মূল্যবোধ গড়ে উঠবে;
- পরিবার ও সমাজের প্রতি দায়িত্ববোধ ও সহমর্মিতা বৃদ্ধি পাবে;
- নিজের কাজ নিজে করার স্বনির্ভরতা ও শৃঙ্খলাবোধ তৈরি হবে;
- প্রতিদিনের ভালো কাজ সম্পর্কে ভাবার ফলে ইতিবাচক চিন্তাভাবনা গড়ে উঠবে;
- নিয়মিত ইংরেজি শব্দ শেখার মাধ্যমে Vocabulary ও English Language Skills উন্নত হবে;
- প্রতিদিনের লেখালেখির ফলে লেখার দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে;
- সর্বোপরি, শিক্ষার্থীরা শুধু ভালো ফলাফল অর্জনকারী নয়, বরং সৎ, মানবিক, দায়িত্বশীল ও জ্ঞানমনস্ক মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা পাবে।

অতএব, সকল শিক্ষার্থীকে বিষয়টিকে কেবল একটি বিদ্যালয়ভিত্তিক কাজ হিসেবে না দেখে নিজেকে প্রতিদিন একটু একটু করে ভালো মানুষ হিসেবে গড়ে তোলার একটি সুন্দর অভ্যাস হিসেবে গ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

অধ্যক্ষ
**শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ**